

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৩২০


তারিখ: ০১/০৮/২০১৮ খ্রি:

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৫.০৮.২০১৮ হতে ২০.০৮.২০১৮ তারিখের মধ্যে এম.পি.ও.বিহীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) এর এম.পি.ও. ভুক্তির জন্য অনলাইন এ আবেদন গ্রহণ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইট ([www.shed.gov.bd](http://www.shed.gov.bd)) অথবা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট ([www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)) অথবা ব্যানবেইসের ওয়েবসাইট ([www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)) এ “On line M.P.O. Application” শিরোনামে প্রদর্শিত link এর মাধ্যমে আবেদন করা যাবে। হার্ডকপির মাধ্যমে এ সংক্রান্ত কোন আবেদন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বা তার অধীন দপ্তরে দাখিল করা যাবে না।

২.০ বিশেষভাবে উল্লেখ্য, নতুন শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্তকরণের সকল কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করা হবে। এ পদ্ধতিতে নির্দিষ্ট নির্দেশকের ভিত্তিতে এম.পি.ও. প্রত্যাশী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রস্তুত করা হবে। এ কার্যক্রমকে কোন প্রকার তদবির এর মাধ্যমে প্রভাবিত করার সুযোগ নাই।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন: ৯৫৪০৫১৭

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

বিতরণ :

১. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. উপ প্রধান তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।